কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-৫২৮** **তারিখ ঃ ০৬-১০-২০১৫ খ্রিঃ**

**বিষয় ঃ জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৬তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ১৭-০৯-২০১৫ খ্রিঃ তারিখে কৃষি সচিব ও জাতীয় বীজ বোর্ডের সভাপতি জনাব শ্যামল কান্তি ঘোষ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৬তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ক) ৮৬তম সভার কার্যবিবরণী (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা 'পরিশিষ্ট ঃ ক'।

(মোঃ আজিম উদ্দিন)
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স ঃ ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -২২০০;
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০৪। যুগ্ম সচিব (ব্যয় নিয়ন্ত্রণ ও পরিদর্শন), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১১। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১;
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬। পরিচালক (গবেষণা), ব্রি/বারি/টিসিআরসি, জয়দেবপুর, গাজীপুর;
১৭। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষিভবন, ঢাকা;
১৮। ড. মোঃ নজমুল হুদা, বীজ সরবরাহ ও মনিটরিং এক্সপার্ট, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, সেচভবন, ঢাকা;
১৯। সভাপতি, বাংলাদেশ সিড এসোসিয়েশন ও চেয়ারম্যান, এসিআই লিঃ, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮;
২০। জনাব চন্দন কুমার সাহা, সিএসও, প্রশিক্ষণ ও যোগাযোগ, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, শেরে বাংলানগর, ঢাকা;
২১। নির্বাহী পরিচালক, এসিআই এগ্রো লিমিটেড, তেজগাঁও, ঢাকা;
২২। চেয়ারম্যান, সুপ্রিম সিড কোম্পানী লিমিটেড, উত্তরা, ঢাকা;
২৩। কর্মসূচী পরিচালক, খাদ্য নিরাপত্তা কর্মসূচী, ব্র্যাক, মহাখালী;
২৪। ব্যবস্থাপনা পরিচালক, সিনজেন্টা বাংলাদেশ লিমিটেড, মোহাম্মদপুর, ঢাকা;
২৫। ব্যবস্থাপনা পরিচালক, গেটকো এগ্রোভিশন লিমিটেড, দারুস সালাম রোড, মিরপুর, ঢাকা;
২৬। পরিচালক, এক্সপ্লোর বাংলাদেশ লিঃ, ২/৮,ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা;
২৭। ব্যবস্থাপনা পরিচালক, পেট্রোকেম বাংলাদেশ লিমিটেড, উত্তরা, ঢাকা;
২৮। ব্যবস্থাপনা পরিচালক, জায়েন্ট এগ্রো প্রসেসিং, উত্তরা, ঢাকা;
২৯। কান্ট্রি ডিরেক্টর, উইনঅল-হাইটেক সিড কোম্পানী, বানানী, ঢাকা;
৩০। বিজনেস ম্যানেজার, ব্যাবিলন এগ্রিসাইন্স লিমিটেড, ২বি/১, দারুস সালাম রোড, মিরপুর, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
০৪। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। অতিরিক্ত সচিব (গবেষণা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\Meeting Minutes\Meeting Minutes Letter.doc

# জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৮৬তম সভার কার্যবিবরণী

সভাপতি ঃ শ্যামল কান্তি ঘোষ
সভার তারিখ ঃ ১৭ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিঃ
উপস্থিতি ঃ পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) সভাপতি ও কৃষি সচিব শ্যামল কান্তি ঘোষ এর সভাপতিত্বে গত ১৭/০৯/২০১৫ খ্রিঃ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় বীজ বোর্ডের ৮৬তম সভা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক-তে দেখানো হলো।

**আলোচ্য সূচী-১ : গত ১২/০৭/২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮৫তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব ও মহাপরিচালক, বীজ উইং-কে ৮৬তম সভার কার্যপত্রানুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য অনুরোধ করেন। জনাব আনোয়ার ফারুক, সদস্য-সচিব, জাতীয় বীজ বোর্ড এবং অতিরিক্ত সচিব, মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় সভাকে জানান জাতীয় বীজ বোর্ডের ৮৫তম সভা গত ১২/০৭/২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী গত ০৭/০১/২০১৫ তারিখে ১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-৪৭৮ সংখ্যক স্মারকের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়। অদ্যাবধি এ বিষয়ে কারো কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ জাতীয় বীজ বোর্ডের ৮৫তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য সূচী-২ : জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮০তম সভার সুপারিশ অনুমোদন ।**

**২.১ বিএডিসি কর্তৃক আমদানীকৃত হাইব্রিড ধানের ৩ (তিন) টি জাত নিবন্ধন :**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন কর্তৃক প্রস্তাবিত হাইব্রিড ধানের ৩ (তিন) টি জাত ছাড়করণের বিষয়ে বীজ প্রত্যয়ন এজেন্সীর দৃষ্টি আকর্ষন করলে ড. মো: জাকির হোসেন, উপ-পরিচালক (সীড রেগুলেশন) বলেন যে, বিএডিসির প্রস্তাবিত তিনটি জাত (Win302, MJ0031 এবং MJ0033) ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ বোরো মৌসুমে অনস্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে জাত তিনটি পরীক্ষা করা হয়েছে এবং চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে বিধায় কারিগরি কমিটি ছাড়করণের জন্য সুপারিশ করেছে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব রওনক মাহমুদ হাইব্রিড ধান নিবন্ধনের ক্ষেত্রে হাইব্রিড ধান-কে চেক জাত হিসেবে বিবেচনা করার জন্য সভাকে অনুরোধ করেন। এছাড়াও তিনি বিএডিসির প্রস্তাবিত তিনটি জাত ছাড়করণ ও নিবন্ধনের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা করে সভাকে জানাবেন বলে উল্লেখ করেন। ড. এস বি নাসিম, কান্ট্রি ডিরেক্টর, উইনাল-হাইটেক সীড কোম্পানি বলেন যে, প্রাকৃতিকভাবেই প্রত্যেক জাতের ধানেরই উৎপাদনশীলতা ক্রমে ক্রমে হ্রাস পেতে থাকে। প্রধান বীজতত্ত্ববিদ সভাকে জানান হাইব্রিড ধানের সাথে চেকজাত হিসাবে তুলনা করার জন্য আমাদের দেশে এখনও কোন হাইব্রিড ধানের Standard জাত নেই। পরবর্তীতে গত ৩০ শে সেপ্টেম্বর ৩৮৪ নং স্মারকে বিএডিসির প্রস্তাবিত তিনটি হাইব্রিড জাত নিবন্ধনের জন্য বিএডিসির চেয়ারম্যান জাতীয় বীজ বোর্ডের সদস্য সচিব বরাবর পত্র প্রেরণ করেন (পতাকা-ক)।

**সিদ্ধান্ত ঃ** ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনস্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন একের অধিক স্থানে ২০% বা তার অধিক হওয়ায় বিএডিসির প্রস্তাবিত জাতসমূহ সাময়িক ও শর্ত সাপেক্ষে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(১) বিএডিসির Win302 হাইব্রিড জাতটি, বিএডিসি হাইব্রিড ধান -৩ হিসেবে চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(২) বিএডিসির MJ0031 হাইব্রিড জাতটি, বিএডিসি হাইব্রিড ধান-৪ হিসেবে সমগ্র বাংলাদেশে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৩) বিএডিসির MJ0033 হাইব্রিড জাতটি, বিএডিসি হাইব্রিড ধান-৫ হিসেবে ঢাকা, ময়মনসিংহ ও চট্টগ্রাম অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

২.২ বেসরকারি কোম্পানি কর্তৃক আমদানীকৃত হাইব্রিড ধানের ১৩ (তের) টি জাত নিবন্ধন :

আলোচনা : ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনস্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন একের অধিক স্থানে ২০% বা তার অধিক হওয়ায় বেসরকারি কোম্পানির আমদানীকৃত ১৩ (তের) টি জাত সাময়িক ও শর্ত সাপেক্ষে বোরো মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব উপস্থাপন করেন :

(১) গেটকো এগ্রোভিশন লিমিটেড এর রুপসী বাংলা-২ (MHV-7), হাইব্রিড জাতটি গেটকো এগ্রোভিশন হাইব্রিড ধান-৫ (MHV-7) হিসেবে ঢাকা ও চট্টগ্রাম অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে ।

(২) জায়েন্ট এগ্রো প্রসেসিং লিমিটেড এর মহারাজ (wRGBP-122), হাইব্রিড জাতটি জায়েন্ট এগ্রো প্রসেসিং হাইব্রিড ধান-১ (জিএইচ-১২২) হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে ।

(৩) এসিআই লিমিটেড এর এসি আই-৩ (RXML-01), হাইব্রিড জাতটি এসিআই হাইব্রিড ধান -৬ (RXML-01) হিসেবে চট্টগ্রাম ও খুলনা অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে ।

(৪) ব্র্যাকের ব্র্যাক-৭৭৭, হাইব্রিড জাতটি ব্র্যাক হাইব্রিড ধান-১২ হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

(৫) ব্র্যাকের ব্র্যাক-৯৯৯, (CNR-18) হাইব্রিড জাতটি ব্র্যাক হাইব্রিড ধান -১৩ (CNR-18) হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

(৬) সিনজেন্টা বাংলাদেশ লি: এর সিনজেন্টা এস-১২০২ (RH9000), হাইব্রিড জাতটি সিনজেন্টা হাইব্রিড ধান-৫ (RH9000) হিসেবে ঢাকা, চট্রগ্রাম অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর বেশি ফলন পাওয়া গেছে।

(৭) সিনজেন্টা বাংলাদেশ লি: এর সিনজেন্টা এস-১২০৩ (RH664+), হাইব্রিড জাতটি সিনজেন্টা হাইব্রিড ধান-৬ (RH664+) হিসেবে চট্রগ্রাম ও খুলনা অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

(৮) সুপ্রিম সীড কোম্পানী এর হাইব্রিড হীরা-১৮ (White Jewel-1), হাইব্রিড জাতটি সুপ্রিম সীড হাইব্রিড ধান-৮(White Jewel-1) হিসেবে ঢাকা, চট্রগ্রাম, খুলনা অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

(৯) এক্সপ্লোর এর আস্থা (INDAM7-205), হাইব্রিড জাতটি এক্সপ্লোর হাইব্রিড ধান-১ (INDAM7-205) হিসেবে ময়মনসিংহ, খুলনা ও রাজশাহী অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

(১০) সবুজ বাংলা এগ্রো লিমিটেড এর সবুজ বাংলা -১, হাইব্রিড জাতটি সবুজ বাংলা হাইব্রিড ধান -১ হিসেবে চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

(১১) গেটকো এগ্রি টেকনোলজিস লিমিটেড এর রুপসী বাংলা-৪ (GB-01), হাইব্রিড জাতটি গেটকো এগ্রি টেকনোলজিস হাইব্রিড ধান-৬(GB-01) হিসেবে ময়মনসিংহ ও চট্টগ্রাম অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

(১২) Winall-Hi-Tech Seed Co. ltd. এর Win301, হাইব্রিড জাতটি উইনাল হাইটেক হাইব্রিড ধান-১ হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

(১৩) Winall-Hi-Tech Seed Co. ltd. এর Win305, হাইব্রিড জাতটি উইনাল হাইটেক হাইব্রিড ধান-২ হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলে আবাদ করে চেক জাত এর চেয়ে ২০% এর অধিক ফলন পাওয়া গেছে।

**সিদ্ধান্ত :** ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনস্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন একের অধিক স্থানে ২০% বা তার অধিক হওয়ায় বেসরকারি কোম্পানির আমদানীকৃত ১৩ (তের) টি জাত সাময়িক ও শর্ত সাপেক্ষে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো :

(১) গেটকো এগ্রোভিশন লিমিটেড এর রুপসী বাংলা-২ (MHV-7), হাইব্রিড জাতটি গেটকো এগ্রোভিশন হাইব্রিড ধান-৫ (MHV-7) হিসেবে ঢাকা ও চট্টগ্রাম অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(২) জায়েন্ট এগ্রো প্রসেসিং লিমিটেড এর মহারাজ (wRGBP-122), হাইব্রিড জাতটি জায়েন্ট এগ্রো প্রসেসিং হাইব্রিড ধান-১ (জিএইচ-১২২) হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৩) এসিআই লিমিটেড এর এসি আই-৩ (RXML-01), হাইব্রিড জাতটি এসিআই হাইব্রিড ধান -৬ (RXML-01) হিসেবে চট্টগ্রাম ও খুলনা অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৪) ব্র্যাকের ব্র্যাক-৭৭৭, হাইব্রিড জাতটি ব্র্যাক হাইব্রিড ধান-১২ হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৫) ব্র্যাকের ব্র্যাক-৯৯৯ (CNR-18), হাইব্রিড জাতটি ব্র্যাক হাইব্রিড ধান -১৩ (CNR-18) হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৬) সিনজেন্টা বাংলাদেশ লি: এর সিনজেন্টা এস-১২০২ (RH9000), হাইব্রিড জাতটি সিনজেন্টা হাইব্রিড ধান-৫ (RH9000) হিসেবে ঢাকা ও চট্রগ্রাম অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৭) সিনজেন্টা বাংলাদেশ লি: এর সিনজেন্টা এস-১২০৩ (RH664+) হাইব্রিড জাতটি সিনজেন্টা হাইব্রিড ধান-৬ (RH664+) হিসেবে চট্রগ্রাম ও খুলনা অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৮) সুপ্রিম সীড কোম্পানী এর হাইব্রিড হীরা-১৮ (White Jewel-1) হাইব্রিড জাতটি সুপ্রিম সীড হাইব্রিড ধান-৮ (White Jewel-1) হিসেবে ঢাকা, চট্রগ্রাম, খুলনা অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৯) এক্সপ্লোর এর আস্থা (INDAM7-205), হাইব্রিড জাতটি এক্সপ্লোর হাইব্রিড ধান-১ (INDAM7-205) হিসেবে ময়মনসিংহ, খুলনা ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(১০) সবুজ বাংলা এগ্রো লিমিটেড এর সবুজ বাংলা -১, হাইব্রিড জাতটি সবুজ বাংলা হাইব্রিড ধান -১ হিসেবে চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(১১) গেটকো এগ্রি টেকনোলজিস লিমিটেড এর রুপসী বাংলা-৪ (GB-01), হাইব্রিড জাতটি গেটকো এগ্রি টেকনোলজিস হাইব্রিড ধান-৬ (GB-01) হিসেবে ময়মনসিংহ ও চট্টগ্রাম অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(১২) Winall-Hi-Tech Seed Co. ltd. এর Win301, হাইব্রিড জাতটি উইনাল হাইটেক হাইব্রিড ধান-১ হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(১৩) Winall-Hi-Tech Seed Co. ltd. এর Win305, হাইব্রিড জাতটি উইনাল হাইটেক হাইব্রিড ধান-২ হিসেবে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

**২.৩ পুন: ট্রায়ালের মাধ্যমে বেসরকারী সেক্টরের ০৩টি (তিন) টি জাত নিবন্ধন**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব সভাকে জানান জাতীয় বীজ বোর্ডের ৭০ তম সভার সিদ্ধান্ত অনুসরনে পুন: ট্রায়ালের ক্ষেত্রে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত জাতগুলি অনষ্টেশন ও অনফার্মে উভয় ক্ষেত্রে দুই বছরের (Best Two years) গড় ফলন বিবেচনায় এনে চেক জাত থেকে ২০% বা তার অধিক হওয়ায় নিম্নবর্ণিত জাতগুলোকে অঞ্চলভিত্তিক সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে বোরো মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করেছে :

(১) সুপ্রিম সীড কোম্পানী এর হাইব্রিড হীরা-৯ (SHD-101), হাইব্রিড জাতটি হাইব্রিড হীরা-৯ (SHD-101) হিসেবে ঢাকা, খুলনা ও রাজশাহী অঞ্চলে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয় (১ম ও ২য় বর্ষে কোড নং যথাক্রমে এইচ ৯৭২ ও এইচ-১০২৬) উল্লেখ্য যে, এই জাতটি ইতিপূর্বে কোন অঞ্চলে নিবন্ধন করা হয়নি। এই জাতটি সুপ্রিম সীড কোম্পানী কর্তৃক নিজস্ব উদ্ভাবিত।

(২) পেট্রোকেম এগ্রো ইন্ডাষ্ট্রিজ লি: এর এগ্রো ধান -১৪ (Pioneer 27P31), হাইব্রিড জাতটি এগ্রো ধান -১৪ (Pioneer 27P31) হিসেবে ঢাকা, চট্টগ্রাম ও খুলনা অঞ্চলে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয় (১ম এইচ ৮৩৮ ৯৬০ ও ২য় বর্ষে কোড নং এইচ-১০১৭) উল্লেখ্য যে, এই জাতটি ইতিপূর্বে চট্রগ্রাম, রাজশাহী ও ময়মনসিংহ অঞ্চলে নিবন্ধন করা হয়েছে।

(৩) ব্যাবিলন এগ্রিসায়েন্স এর ব্যাবিলন হাইব্রিড ধান-৩ (Babylon-3), হাইব্রিড জাতটি ব্যাবিলন হাইব্রিড ধান-৩ (Babylon-3) হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম ও রংপুর অঞ্চলে নিবন্ধনের জন্য সুপারিশ করা হয় (১ম বর্ষে এইচ ৮৮৮, ৯৭১ ও ২য় বর্ষে কোড নং এইচ-১০৪৭) উল্লেখ্য যে, এই জাতটি ইতিপূর্বে কোন অঞ্চলে নিবন্ধন করা হয়নি।

সিদ্ধান্ত :

(১) সুপ্রিম সীড কোম্পানী এর হাইব্রিড হীরা-৯ (SHD-101), হাইব্রিড জাতটি হাইব্রিড হীরা-৯ (SHD-101) হিসেবে ঢাকা, খুলনা ও রাজশাহী অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো। উল্লেখ্য যে, এই জাতটি ইতিপূর্বে কোন অঞ্চলে নিবন্ধন করা হয়নি এবং জাতটি সুপ্রিম সীড কোম্পানী কর্তৃক নিজস্ব উদ্ভাবিত।

(২) পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রিজ লি: এর এগ্রো ধান -১৪ (Pioneer 27P31), হাইব্রিড জাতটি এগ্রো ধান-১৪ (Pioneer 27P31) হিসেবে সমগ্র বাংলাদেশে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।

(৩) ব্যাবিলন এগ্রিসায়েন্স এর ব্যাবিলন হাইব্রিড ধান-৩ (Babylon-3), হাইব্রিড জাতটি ব্যাবিলন হাইব্রিড ধান-৩ (Babylon-3) হিসেবে ময়মনসিংহ, চট্টগ্রাম ও রংপুর অঞ্চলে বোরো মৌসুমে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো। উল্লেখ্য যে, এই জাতটি ইতিপূর্বে কোন অঞ্চলে নিবন্ধন করা হয়নি।

**আলোচ্য সূচী-৩ : হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ সংশোধনী পদ্ধতি অনুমোদন।**

**আলোচনা :** সভায় জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব বলেন যে, গত ১২/০৭/২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮৫তম সভায় সংশোধিত হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ পদ্ধতিটি হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ সংক্রান্ত কমিটিতে অধিকতর পরীক্ষা-নিরীক্ষা করে টেকনিক্যাল কমিটির মাধ্যমে পরবর্তী জাতীয় বীজ বোর্ডে দাখিল করতে হবে এ মর্মে সিদ্ধান্ত থাকায় হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ পদ্ধতি সংশোধনের জন্য ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি উপকমিটি গঠন করা হয়েছে। কমিটি গত ১২/০৮/২০১৫ তারিখে সভা করে পদ্ধতিটি পুনরায় পরীক্ষা নিরীক্ষা করে অধিকতর সংশোধন করেছে। সভায় সৈয়দ কামরুল হক, সহকারী বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় উল্লেখ করেন যে, হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ পদ্ধতিতে কিছু কিছু ক্ষেত্রে অসঙ্গতি থাকায় তা সংশোধনের জন্য উপকমিটিতে কৃষি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি থাকা প্রয়োজন।

**সিদ্ধান্ত :** হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ সংশোধনী পদ্ধতি অধিকতর অধিকতর যাচাই বাছাই এর নিমিত্তে বর্নিত উপকমিটিতে বীজ উইংয়ের একজন প্রতিনিধি অন্তর্ভূক্ত করা হলো। এ উপকমিটি আলোচ্য পদ্ধতিটি অধিকতর অধিকতর যাচাই-বাছাইপূর্বক টেকনিক্যাল কমিটির মাধ্যমে পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপন করবে।

**আলোচ্য সূচী-৪ : হাইব্রিড ধানের প্যারেন্ট লাইন আমদানি, রয়্যালিটি প্রদান ও স্থানীয়ভাবে উৎপাদিত হাইব্রিড ধান বীজ রপ্তানি।**

**আলোচনা :** সভায় জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব বলেন হাইব্রিড ধানের প্যারেন্ট লাইন আমদানি, রয়্যালিটি প্রদান ও স্থানীয়ভাবে উৎপাদিত হাইব্রিড ধান বীজ রপ্তানি বিষয়ে টেকনিক্যাল কমিটিতে আলোচনা হওয়ার পরিপ্রেক্ষিতে জাতীয় বীজ বোর্ড থেকে এ বিষয়ে সিদ্ধান্ত দেয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

**সিদ্ধান্ত :** হাইব্রিড ধানের প্যারেন্ট লাইন আমদানি, রয়্যালিটি প্রদান ও স্থানীয়ভাবে উৎপাদিত হাইব্রিড ধান বীজ রপ্তানি সংক্রান্ত বিষয়ে একটি পূর্ণাঙ্গ তথ্য পরবর্তী পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপন করতে হবে (দায়িত্ব: সদস্য-সচিব, টেকনিক্যাল কমিটি, এনএসবি)।

**আলোচ্য সূচী-৫: মেইনটেইনেন্স ব্রিডিং এবং প্রজনন বীজ উৎপাদন পদ্ধতির ম্যনুয়াল (Manual on Maintenance breeding and breeder seed production of Jute) অনুমোদন।**

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের সদস্য সচিব সভাকে জানান গত ১২/০৭/২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮৫তম সভায় ধান, আলু ও গমসহ পাটের মেইনটেইনেন্স ব্রিডিং এবং প্রজনন বীজ উৎপাদন পদ্ধতির ম্যনুয়ালসমূহের উপর কর্মশালা করার পর পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপন করতে হবে এ মর্মে সিদ্ধান্ত রয়েছে। সে পরিপ্রেক্ষিতে তিনি বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিদের-কে ধান, আলু, গম ও পাটের মেইনটেইনেন্স ব্রিডিং এবং প্রজনন বীজ উৎপাদন পদ্ধতির ম্যনুয়াল পাওয়ার পয়েন্ট উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

ড. এম. খালেকুজ্জামান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ব্রি ধান, ড. রওশন আলী, পরিচালক, বারি গম ও আলু এবং ড. চন্দন কুমার সাহা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিজেআরআই পাটের মেইনটেইনেন্স ব্রিডিং এবং প্রজনন বীজ উৎপাদন পদ্ধতির ম্যনুয়াল পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। অতঃপর এ বিষয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** : ধান, আলু, গম ও পাটের মেইনটেইনেন্স ব্রিডিং এবং প্রজনন বীজ উৎপাদন পদ্ধতির ম্যানুয়াল অনুমোদন করা হলো। ম্যানুয়ালগুলি কৃষি মন্ত্রণালয়ের মান সম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প থেকে ছাপানো হবে এবং সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে বিতরণ করা হবে। বহুল প্রচারের জন্য কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটে ম্যানুয়াল প্রকাশের ব্যবস্থা নিতে হবে।

**আলোচ্য সূচী-৬ : বীজ ডিলার নবায়ন পদ্ধতি নির্ধারণ।**

**আলোচনা :**

০১। জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব বলেন যে, কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক রাজস্ব আদায়ের (নন-ট্যাক্স রেভিনিউ) আইটেমসমূহের হার বহু বছরের পুরোনো হওয়ায় এবং এ হার বৃদ্ধি এবং হালনাগাদ করার জন্য অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের গত ১৮/০৩/২০১৩ তারিখের ১৬ নং পত্র এবং কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৪ (বাজেট) অধিশাখার গত ১৪/০৭/২০১৫ তারিখের ৪৭৫ নং পত্র মোতাবেক বীজ ডিলার রেজিস্ট্রেশন ফি ৫০০ (পাঁচশত) টাকা এবং প্রতি বছর বীজ ডিলার নবায়ন ফি ২০০/- (দুইশত) টাকা নির্ধারন করা হয়েছে। নির্ধারিত রেজিস্ট্রেশন ফি এবং নবায়ন ফি (প্রতি বছরের জন্য) ট্রেজারি চালানের মাধ্যমে ১-৪৩৩৮-০০০০-২৬৮১ কোড নম্বরে জমা করতে হবে। সেমোতাবেক গত ১২/০৭/২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের ৮৫তম সভায় বীজ ডিলার নবায়ন এর ক্ষেত্রে বেসরকারি সেক্টর থেকে সুনির্দিষ্ট নীতিমালা মন্ত্রণালয়ে প্রেরণ করবে এ মর্মে সিদ্ধান্ত থাকার পরিপ্রেক্ষিতে গত ২৫/০৮/২০১৫ খ্রিঃ তারিখে অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে বেসরকারি সেক্টরের প্রতিনিধিদের সাথে বর্তমান বীজ আইন ও বিধিমাল-কে বাস্তবসম্মতভাবে যুগোপযোগী করা সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত :** বীজ ডিলার নবায়নের ক্ষেত্রে সংশোধিত বীজ ডিলার নিবন্ধন Form-2 পূরণ করে সরাসরি অথবা জেলা/উপজেলা পর্যায়ের ডিএই/ এসসিএ/ বিএডিসির সংশ্লিষ্ট কর্মকর্তা/ বাংলাদেশ সীড এসোসিয়েশন (বিএসএ)/ কোম্পানির কর্তৃক সুপারিশসহ নিম্নে বর্ণিত কাগজপত্রসহ আবেদন করলে বীজ উইং, কৃষি মন্ত্রণালয় থেকে বীজ ডিলার নবায়ন ইস্যু করা যাবে :

(১) বীজ ডিলার নিবন্ধনের প্রত্যয়নপত্র (মূলকপি);

(২) নবায়নকৃত ট্রেড লাইসেন্স এর ফটোকপি;

(৩) প্রতি তিন বছরের জন্য ট্রেজারি চালানের মাধ্যমে ১-৪৩৩৮-০০০০-২৬৮১ কোড নম্বরে বীজ ডিলার নবায়ন ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা জমাপূর্বক চালানের মূলকপি;

পরিশেষে সভাপতি ধান, আলু, গম ও পাটের মেইনটেইনেন্স ব্রিডিং এবং প্রজনন বীজ উৎপাদন পদ্ধতির ম্যানুয়াল প্রণয়নের মত একটি গুরুত্বপূর্ণ কাজ করার জন্য মহাপরিচালক, বীজ উইং এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিজ্ঞানী ও সিড এক্সপার্ট যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তাদেরকে বিশেষ ধন্যবাদ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

(শ্যামল কান্তি ঘোষ)
সচিব
কৃষি মন্ত্রণালয়।

পরিশিষ্ট "ক"

## জাতীয় বীজ বোর্ডের ৮৬ তম সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের তালিকা

**সভাপতি ঃ** শ্যামল কান্তি ঘোষ, কৃষি সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

**তারিখ ঃ** ১৭-০৯-২০১৫ খ্রিঃ, **সময় ঃ** সকাল ১১.০০ ঘটিকা

**স্থান ঃ** সম্মেলন কক্ষ (কক্ষ # ৫১২, ৪র্থ বিল্ডিং, ৬ষ্ঠ তলা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মুও নক মাহমুদুল | সদস্য পরিচালক | ০১৭১৮৫১৬৬৬৪<br>[illegible]5232@gmail.com | [signature] ১৭/৯/১৫ |
| ২ | ড: আবুল কালাম আহমদ | নির্বাহী চেয়ারম্যান (রু.দা.) বিএআরসি | ০১৭১৭২১০৯৯৫ | [signature] ১৭/৯/২০১৫ |
| ৩ | মো: হামিদুর রহমান | মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ০১৭১১৮০৩৮৯৫ | [signature] ১৭/৯/২০১৫ |
| ৪ | ড. মো: কামাল উদ্দিন | মহাপরিচালক বিএআরআই | 01713118907 | [signature] ১৭/০৯/১৫ |
| ৫ | ড. মু. খলিলুর রহমান | মহাপরিচালক বিএসআরআই | ০১৭২৫৫০৭৭৮৮ | [signature] ১৭/০৯/১৫ |
| ৬ | Feroz M. Hassan | Chairman Giant Agro | | [signature] 17/9/15 |
| ৭ | Fakhrul Islam | DCOO, GETCO AGROVISION | 01955592601 | [signature] 17/9/15 |
| ৮ | Dr. Md. Farid Uddin | ED, CDB | 01711020798 | [signature] 17.9.15 |
| ৯ | Dr. Chandan Kr. Saha | CSO/BJRI | 01716510338<br>chandanbjri@yahoo.com | [signature] ১৭/০৯/২০১৫ |
| ১০ | Md. Abdul Aziz | Executive Director Bangladesh Seed Association | 01711-316530<br>bsa7222@yahoo.com | [signature] 17/09/15 |

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ১১ | [illegible] | [illegible] | ০১৭১৮৭০৬৮৪৭ | [signature] |
| ১২ | Dr. Md. Zakir Hossain. DD (Seed Regulation) | DD (Seed Regulation) SCA, Gazipur. | 01199182324 zhossainsca@gmail.com | [signature] |
| ১৩ | Md. Nasir Uddin | DD (Quality control) SCA, Gazipur | 01711-955470 | [signature] |
| ১৪ | Md. Sohiful Islam Shahin | MD, Xplore Business Limited | 01714103449 sohiful@gmail.com | [signature] |
| ১৫ | Kbd. Md. Habibullah | Stewardship Manager, Syngenta BD Ltd | mohammad.habibullah@syngenta.com | [signature] |
| ১৬ | MOHAMMAD MIZANUR RAHAMAN | PRODUCT MANAGER ACI SEED ACI LIMITED | 01730024476 mizanur@aci-bd.com | [signature] |
| ১৭ | ATM Majharul Mamun | Business Development Manager Giant Agro | 01678006319 majharul@giantbd.com | [signature] |
| ১৮ | Amit Chandra Das | Assistant Product Manager Babylon Agriscience Ltd. | 01714730193 amitpe@babylon-bd.com | [signature] |
| ১৯ | Md. Taslim Reza | Program Manager Seed and Agro Entp. BRAC | 01711833448 taslim.r@brac.net | [signature] |
| ২০ | Rajib Chowdhury | Team Leader BRAC Seed & Agro Enterprise | 01730-349802 rajib.c@brac.net | [signature] |
| ২১ | SB Naseem | Country Director Win all Hybrid Seed | 01819-277578 nbnaseem@hotmail.com | [signature] |
| ২২ | K.Y.M. Shoukat | Sales Agronomist Petrochem (BD) Ltd. | 01730326856 shoukat@petrochembd.com | [signature] |
| ২৩ | [illegible] | | | [signature] |

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৪ | মানিক চন্দ্র কর্মকার | সহকারী বীজতত্ত্ববিদ বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | 01718018410 mckarmoker@gmail.co | [illegible] 27/07/25 |
| ২৫ | ড. মোহাম্মদ [illegible] | [illegible] ব্রি, গাজীপুর | 01715-752895 | [illegible] 27/07/2025 |
| ২৬ | ড. মো. [illegible] আলী | [illegible] বারি, গাজীপুর | [illegible] | [illegible] |
| ২৭ | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ২৮ | ড. মো. [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ২৯ | মো: [illegible] | [illegible] কৃষি মন্ত্রণালয় | [illegible] | [illegible] |
| ৩০ | মো: আমিনুল ইসলাম | [illegible] বিএডিসি | 01719626287 | [illegible] |
| ৩১ | ড. মো: [illegible] আলী | মহাপরিচালক, বিনা | [illegible] | [illegible] |
| ৩২ | [illegible] | যুগ্ম সচিব ([illegible]) কৃষি মন্ত্রণালয় | 01712060150 | [illegible] |
| ৩৩ | ড. মো: [illegible] | [illegible] ব্রি | 01712280083 | [illegible] |
| ৩৪ | [illegible] | পরিচালক [illegible] | 01917752862 | [illegible] |
| ৩৫ | | | | |
| ৩৬ | | | | |